



গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
চৌগাছা, যশোর।
ই-মেল নং- chowgacha@uhfpo.dghs.gov.bd

*** স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী।

- সভাপতিঃ নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।
- তারিখঃ-৩০/১১/২০২১
- স্থানঃ- সভাকক্ষ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চৌগাছা, যশোর।

আলোচ্য বিষয় সমূহঃ

- ১। মানসম্মত সেবাদান।
- ২। কোভিড-১৯ সচেতনতা সম্পর্কে আলোচনা।
- ৩। ১০০ শয্যায় উন্নীতকরণ।
- ৪। পরিষ্কার পরিচ্ছন্নতা।
- ৫। হাসপাতালের অভ্যন্তরে ও ড্রেন ও পিট সংস্কার।
- ৬। বিবিধ সমূহ।

উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ-

ক্রমিক নং	নাম	পদবী
১।	নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।	সভাপতি
২।	মোঃ আবুল কাশেম, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, চৌগাছা-যশোর।	সদস্য
৩।	মোঃ সাদরুল আনাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য
৪।	মোছাঃ উম্মে সালমা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য
৫।	ফেরদৌসী খাতুন, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, চৌগাছা-যশোর।	সদস্য
৬।	ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য-সচিব

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেনঃ-

বিষয়	আলোচ্য ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(১) মানসম্মত সেবাদান	সভাপতি মহোদয় সভা চলা কালীন সময়ে UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার ও অন্যান্য ডাক্তারদের উদ্দেশ্যে বলেন বর্তমান সরকার হাসপাতালে ৪৫ প্রকার গুণবিনা মূল্যে প্রদান করছে। তিনি হাসপাতালে চিকিৎসার সেবার মান বৃদ্ধির লক্ষ্যে চিকিৎসক সহ অন্যান্য কর্মচারীদের স্বাস্থ্য সেবা প্রদানের স্বচ্ছতা, আন্তরিকতা এবং রোগীদের সাথে ভালো আচারনের জন্য অনুরোধ করেন। UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার ও অন্যান্য চিকিৎসক হাসপাতালে চিকিৎসার সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রতিশ্রুতি দেন।	সভাপতি
(২) কোভিড-১৯	সভাপতি মহোদয় সভা চলা কালীন সময়ে UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার ও অন্যান্য ডাক্তারদের উদ্দেশ্যে বলেন আমরা অনেক চেষ্টার মাধ্যমে কোভিড-১৯ ভ্যাক্সিন পেয়েছি।	সদস্য সদস্য-সচিব

সচেতনতা সম্পর্কে	স্টেফ বাই স্টেফ সবাইকে এই ভ্যাক্সিন দিতে হবে তাই অবিলম্বে জনগনের মধ্যে প্রচার ও মাইকিং করতে হবে। UHFPO বলেন আমাদের মধ্যে কোন প্রকার ত্রুটি থাকবে না ইতি মধ্যেই প্রায়ভাগ ১ম ডোজ সম্পন্ন হয়েছে এবং ২য় ডোজ দেওয়া শুরু করেছে।	সভাপতি
(৩) ১০০ শয্যায় উন্নীতকরন।	সদস্য সচিব সভাপতির উদ্দেশ্যে বলেন চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাংলাদেশের মধ্যে একটি মডেল হাসপাতাল এবং পার্শ্ববর্তী ৪টি উপজেলার জনগন এই হাসপাতাল থেকে সেবা নিতে আসে অত্র হাসপাতালটি ৪টি উপজেলার কেন্দ্র বিন্দুতে অবস্থিত এবং চৌগাছা হাসপাতালের সাথে সকল উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই ভাল। যার ফলে হাসপাতালের ১০০ শয্যায় উন্নীত না হওয়া পর্যন্ত রোগীদের সেবা দিতে একটু কষ্টসাধ্য দেখা দিচ্ছে। ইতি মধ্যেই ১০০ শয্যার কাজ প্রায় শুরু হয়ে গেছে। এই কথা শুনে সভাপতি মহোদয় UHFPO ডাঃ মোছাঃ লুৎফুল্লাহর কে ধন্যবাদ জানান এবং সার্বিক সহযোগীতা করার আশ্বাস ব্যক্ত করেন।	
(৪) পরিষ্কার পরিচ্ছন্নতা।	সদস্য সচিব হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন বর্তমানে হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা হয়েছে। হাসপাতালের সকল স্তরের জঞ্জাল পরিষ্কার করা হয়েছে। তবে ইওসি বিল্ডিং এর সামনে একটি গর্ত আছে যেটা ভরাট করা একান্তই প্রয়োজন। সভাপতি মহোদয় হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সবাইকে সহযোগীতা করার আহবান দেন এবং তিনি নিজেও এর পদক্ষেপ নেওয়ার আশ্বাস প্রদান করেন।	
(৫) হাসপাতালের অভ্যন্তরে ও ড্রেন ও পিট সংস্কার	সভার সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, হাসপাতালের বর্জ্য নিকাশনের জন্য ব্যবহারিত ড্রেন ও পিট গুলো ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে এবং হাসপাতালের ড্রেন পরিষ্কার ও পরিচ্ছন্নতা রাখার জন্য আরো জনবলের প্রয়োজন। সভাপতি মহোদয় হাসপাতালের অভ্যন্তরে ড্রেন ও পিট সংস্কারের জন্য HED কে লিখিত ভাবে জানানোর জন্য নির্দেশনা প্রদান করেন তাছাড়া পৌরসভা থেকে আরো ৫ জন স্বেচ্ছা-সেবি বাড়ানোর ব্যাপারে মেয়র মহোদয়ের সাথে আলাপ করতে বলেন।	সদস্য সচিব, মেয়র ও HED
(৬) বিবিধ সমুহ	সভাপতি মহোদয় স্থায়ী কমিটির কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপস্থিত সকলের উদ্দেশ্য বলেন যে, চৌগাছা মডেল উপজেলা হাসপাতালের সুনাম ধরে রাখার জন্য হাসপাতালের কর্মরত কর্মকর্তা কর্মচারিকে আন্তরিক ভাবে ধৈর্য ধারণ মাধ্যমে সেবার কাজ চালিয়ে যেতে হবে যেমন পিতা, মাতা অসুস্থ হলে যে দৃষ্টিতে দেখা হয় ঠিক তেমনি রোগীকে দেখতে হবে এবং সবাই কে শৃংখলা মেনে চলতে হবে। হাসপাতালে কোন অপ্রত্যাশিত ঘটনা না ঘটে তার জন্য চৌগাছা বাসিকে সার্বিক সহযোগীতা প্রদানের লক্ষ্যে কাজ করতে হবে।	সভাপতি

***পরিশেষে বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবার মান উন্নয়নের জন্য আরো আন্তরিক ভাবে তৎপর থাকার আহবান জানিয়ে এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি
“ সভাপতি ”